# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**22 JANUARY 2025 7:45—7:55**

---

১) আসাম ভ্রাম্যমান ষ্ট্রোক ইউনিট , ষ্ট্রোকের চিকিৎসার ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তনের সূচনা করেছে বলে ভারতীয় চিকিৎসা গবেষণা পরিষদের প্রকাশ ।

২) ভারত বিভিন্ন ভাষিক গোষ্ঠীর দেশ এবং এখানে কোন ভাষা কারো ওপর চাপিয়ে দেওয়ার নিয়ম নেই বলে শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগুর মন্তব্য ।

৩) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আগামীকাল বিভিন্ন কার্যসূচির মাধ্যমে নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১৩০তম জন্মবার্ষিকী পালনের প্রস্তুতি ।

এবং

৪) বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর পূজো উপলক্ষে বরাক উপত্যকার তিন জেলায় জোরকদমে প্রস্তুতি অব্যাহত ।

---

ভারতীয় চিকিৎসা গবেষণা পরিষদ জানিয়েছে যে আসাম ভ্রাম্যমান ষ্ট্রোক ইউনিট ষ্ট্রোকের চিকিৎসার ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তনের সূচনা করেছে । ফলে চিকিৎসার সময়সীমা হ্রাস পেয়েছে এবং ষ্ট্রোক থেকে মৃত্যু হওয়া লোকের সংখ্যা এক-তৃতীয়াংশ হ্রাস পেয়েছে । একইভাবে ষ্ট্রোক থেকে বিকলাঙ্গ হওয়ার সংখ্যা ৮ গুণ হ্রাস পেয়েছে । ভ্রাম্যমান মোবাইল ষ্ট্রোক ইউনিট রাজ্যের প্রত্যন্ত এলাকার রোগীদের দ্রুত সহায়তা এবং চিকিৎসা প্রদানের পথ প্রসস্ত করেছে । ভ্রাম্যমান ষ্ট্রোক ইউনিট একধরণের চিকিৎসালয় এবং এই চিকিৎসালয় সিটিস্কেনার , বিশেষজ্ঞদের সঙ্গে দূর-সংযোগ ব্যবস্থার মাধ্যমে চিকিৎসা গ্রহণের সুবিধা , ক্ষুদ্র পরীক্ষাগার এবং রক্ত নলির ব্লকেজ খোলার ঔষধ দিয়ে সু-সজ্জিত রয়েছে । ভ্রাম্যমান ষ্ট্রোক ইউনিটের মাধ্যমে রোগীদের নিজের ঘরে অথবা

পার্শবর্তী এলাকায় দ্রুত সেবা প্রদান করা হয় । ভারতীয় চিকিৎসা গবেষণা পরিষদের সঞ্চালক প্রধান তথা স্বাস্থ্য গবেষণা বিভাগের সচিব ডাক্তার রাজীব বহল জানিয়েছেন যে ভারত ষ্ট্রোকে আক্রান্ত রোগীদের এধরণের চিকিৎসা সুবিধা প্রদান করা বিশ্বের দ্বিতীয় দেশ ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সংসদ পরিক্রমা বিভাগের মন্ত্রী কিরেন রিজিজু সংসদের আসন্ন বাজেট অধিবেশনের প্রাক্কালে আগামী ২৭ জানুয়ারী একটি সর্বদলীয় বৈঠক আহ্বান করেছেন । বাজেট অধিবেশন শুরু হবে ২৮ জানুয়ারী থেকে । ওই দিন সংসদ ভবণের অ্যানেক্সের মূল কমিটি কক্ষে সংসদের আসন্ন বাজেট অধিবেশনের গুরুত্বপূর্ণ বিষয় ও অন্যান্য কাজ-কর্ম নিয়ে আলোচনা করা হবে ।

উল্লেখ্য যে ২০২৬-২৭ সালের কেন্দ্রীয় বাজেট আগামী পয়লা ফেব্রুয়ারী পেশ করা হবে । সংসদের বাজেট অধিবেশন চলতি মাসের ২৮ তারিখ থেকে শুরু হয়ে আগামী দুসরা এপ্রিল পর্যন্ত চলবে । বাজেট অধিবেশনের প্রথম পর্ব ২৮ জানুয়ারী থেকে ১৩ই ফেব্রুয়ারী পর্যন্ত এবং দ্বিতীয় পর্ব ৯ মার্চ থেকে দুসরা এপ্রিল পর্যন্ত চলবে ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তার চিন্তাভাবনা ভাগ করে নেবেন । এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১শো ৩০তম পর্ব ।
আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে আগামী রবিবার বেলা ১১টায় এই অনুষ্ঠান শোনা যাবে ।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল aap ও দূরদর্শনের সংবাদ বিভাগ , প্রধানমন্ত্রীর e-দপ্তর এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube চ্যানেলেও এই অনুষ্ঠান শোনা যাবে । হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক অনুবাদ ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু বলেছেন যে- ভারত বিভিন্ন ভাষিক গোষ্ঠীর দেশ । এবং এখানে কোনো ভাষা কারো উপর চাপিয়ে দেওয়ার নিয়ম নেই । ছাত্রছাত্রীদের নিজেদের পছন্দ অনুযায়ী ভাষায় পড়াশুনার সুযোগ রয়েছে বলে উল্লেখ করে ডাঃ পেগু বলেন যে- আসামে প্রায় সাতটি ভাষাগোষ্ঠীর লোকের বসবাস, যা রাজ্যের ভাষাগত বৈচিত্র্যকে আরো সম্বৃদ্ধ করেছে । শিলচরের গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের আভ্যন্তরীণ

গুণগতমান নির্দ্ধারক কোষ- আই কিউ এ সি'র উদ্যোগে এবং গণ জ্ঞাপন বিভাগের সহযোগিতায় আজ এই বিশ্ববিদ্যালয়ের প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত রবিজিৎ চৌধুরী স্মারক বক্তৃতা অনুষ্ঠানে মুখ্য বক্তা হিসেবে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী ডাঃ পেগু একথা বলেন । আজকের স্মারক বক্তৃতার বিষয় ছিল- জাতীয় শিক্ষানীতির ত্রিভাষা নীতি- এটাই কি উত্তরণের পথ । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ডাঃ পেগু জাতীয় শিক্ষানীতির অর্ন্তভুক্ত ত্রিভাষা নীতির প্রাসঙ্গিকতা, সম্ভাবনা ও প্রত্যাহ্বান সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করেন । এই প্রসঙ্গে তিনি আরো বলেন যে- বাস্তবে বর্তমানে মূলত দুটি ভাষা নীতিই কার্যকর রয়েছে। ছাত্রছাত্রীরা মাতৃভাষা বা আধুনিক ভারতীয় ভাষা অর্থাৎ- এম আই এল এবং ইংরেজি ভাষায় পড়াশুনা করছে । এছাড়া তারা উচ্চশিক্ষা স্তরে তৃতীয় ভাষা পড়ার সুযোগও পাচ্ছে বলে তিনি জানান । পরে সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে বিশিষ্ট সাংবাদিক- গল্পকার, প্রাবন্ধিক রবিজিৎ চৌধুরী সম্পর্কে শিক্ষামন্ত্রী ডাঃ পেগু বলেন- প্রয়াত রবিজিৎ চৌধুরী ছিলেন বরাক উপত্যকার সুসন্তান। পরবর্তীতে গুয়াহাটিতে বসবাস শুরু করেন । সাংবাদিক এবং সমাজকর্মী হিসেবে প্রয়াত চৌধুরী সমাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন বলে তিনি মন্তব্য করেছেন । রবিজিৎ চোধুরীকে তাঁর পথ প্রদর্শক হিসেবে উল্লেখ করে ডাঃ পেগু বলেন- তাঁদের দুজনের মধ্যে ঘনিষ্ট সম্পর্ক ছিল এবং তিনি সবসময় রবিজিৎ চৌধুরীর কাছ থেকে নানা বিষয়ে তথ্য ও পরামর্শ লাভ করেছেন।

বাইট

আজকের এই স্মারক বক্তৃতার অনুষ্ঠানে পৌরহিত্য করেন গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ নিরঞ্জন রায় । এছাড়া শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী সহ ওই বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও ছাত্রছাত্রীরা এতে উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

স্বাধীনতা সংগ্রামের অগ্রণী ব্যক্তিত্ব নেতাজি সুভাষ চন্দ্র বসুর ১৩০ তম জন্মবার্ষিকী আগামীকাল সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও যথাজোগ্য মর্যাদায় উদযাপনের জন্য প্রস্তুত চলছে । শিলচরে কেন্দ্রীয় নেতাজি জন্মজয়ন্তী উদযাপন কমিটির উদ্যোগে আগামীকাল সকাল সাড়ে ছ'টায় শহরের নরসিংটোলা ময়দান থেকে এক শোভাযাত্রা শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করবে। পরে রাঙ্গিরখাড়িতে নেতাজি প্রতিমূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করা হবে । তারাপুর পাইয়োনিয়ার ক্লাবের উদ্যোগে শোভাযাত্রা সহ আণ্যান্য কার্যসুচি পালন করা হবে । শিলচরের অগ্রণী ক্লাব, ছাত্র সংগঠন- এ আই ডি এস ও সহ বহু সংস্থা সংগঠন নেতাজি জন্ম জয়ন্তী উপলক্ষে

বিভিন্ন কার্যসুচি গ্রহণ করেছে । হাইলাকান্দিতেও অনুরূপ কার্যসূচির আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার বিভিন্ন সংস্থা-সংগঠনের পক্ষ থেকে আগামীকাল নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্ম জয়ন্তী উপলক্ষ্যে ব্যাপক প্রস্তুতি নেওয়া হচ্ছে । এ উপলক্ষ্যে আজ শ্রীভূমি জেলা ভারতীয় জনতা যুব মোর্চার উদ্যোগে আজ শ্রীভূমি শহরে থাকা নেতাজী সুভাষ চন্দ্র বসুর প্রতিমূর্তি সংলগ্ন এলাকায় স্বচ্ছতা অভিযান পালন করা হয়েছে । স্বচ্ছতা অভিযানে জেলা যুব মোর্চার সভাপতি চিরব্রত চক্রবর্তী ও জেলা বিজেপির সভাপতি সঞ্জীব বণিক সহ দলীয় কর্মকর্তারা অংশগ্রহন করেন ।

---------------------------------------------------------------------------------------------

বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর পূজো উপলক্ষে বরাক উপত্যকার তিন জেলায় জোরকদমে প্রস্তুতি চলছে । মাঘ মাসের শুক্লা পঞ্চমী তিথিতে বাগদেবী সরস্বতীর আরাধনার জন্য উপত্যকার স্কুল-কলেজ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান সহ অন্যান্য প্রতিষ্ঠানে এবং নানা স্থানে পূজোর আয়োজনকে কেন্দ্র করে ব্যস্ততা লক্ষ্য করা গেছে । বিশেষ করে বাজারে পূজোর সামগ্রী কেনা-বেচা, প্রতিমা আনয়ন ইত্যাদিকে কেন্দ্র করে আজ থেকেই উপত্যকায় উৎসব মুখর পরিবেশ বিরাজ করছে । শিলচর শহরের পানপট্টি, বিলপাড় ইত্যাদি স্থানে প্রতিমা শিল্পালয়গুলিতে আজ দুপুর থেকেই প্রতিমা নিয়ে যাওয়াকে ঘিরে তোড়জোর লক্ষ্য করা গেছে । হাইলাকান্দির হারবার্টগঞ্জ বাজারের কাছে মৃন্ময়ী দেবী সরস্বতীর বিভিন্ন আকারের প্রতিমা বিক্রি ছিল চোখে পড়ার মতো । শ্রীভূমি জেলার নিলাম বাজার, পাথারকান্দি, শ্রীভূমি শহর সহ সর্বত্র এই পূজো উপলক্ষে উৎসবের পরিবেশ বিরাজ করছে । এছাড়া সর্বত্রই এই পূজোকে ঘিরে বিশেষ করে কমবয়সী ছেলেমেয়েদের তৎপরতা পরিলক্ষিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে আজ জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে মূখ্যমন্ত্রীর একটি কলি-দুটি পাতা এবং অরুণোদয় প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সংক্রান্ত একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয় । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত সভায় সংশ্লিষ্ট প্রকল্পগুলির বর্তমান অগ্রগতি , তৃণমূল পর্যায়ে সেসব বাস্তবায়নের বর্তমান অবস্থান এবং ভবিষৎ কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়েছে। উপায়ুক্ত দ্বিবেদী সভায় বলেন যে- অরুণোদয় প্রকল্পের অধীনে নতুন সুবিধাপ্রাপকদের বিধানসভা কেন্দ্র ভিত্তিক নির্বাচন করা হয়েছে । এবং প্রকৃত সুবিধাপ্রাপকদের দ্রুত এই তালিকায় অর্ন্তভুক্ত করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়েছে । জেলা আয়ুক্ত শ্রী

দ্বিবেদী প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা , সময়ানুবর্তিতা এবং আন্ত:বিভাগীয় সমন্বয় বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন ।

----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার অতিরিক্ত আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শিরিষপুর চা বাগানের ফায়ারিং রেঞ্জের পাঁচশ মিটার ব্যাসার্ধের মধ্যে ভারতীয় নাগরিক সংহিতার ১৬৩ ধারার অধীনে ২৮ ও ২৯শে জানুয়ারী সকাল ৬টা থেকে বিকেল ৫টা পর্যন্ত জনসাধারণ সহ গোবাদি পশুর চলাচলের উপর নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে কাশীপুর সি আর পি এফ-এর জওয়ানদের বার্ষিক গুলি চালনার মহড়ার জন্য এই নিষেধাজ্ঞা জারী করা হয়েছে ।

----------------------------------------------------------------------------------------